SYLHET

# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৯ম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব তানিয়া আক্তার,উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ২৬ ফেব্রুয়ারি ২০২৫
সময় : সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন ল্যাব টেকনোলজিস্ট পদায়ন হওয়ায় এবং হাসপাতালে ল্যাবরেটরী সার্ভিস চালু করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা স্বাস্থ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানার প্রতিনিধি জানান,আসন্ন রমজান মাস উপলক্ষে অত্র উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>সভাপতি জানান, আসন্ন রমজান মাসে আইশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও দ্রব্যমূল্যের দাম যেন কেহ অস্বাভাবিকভাবে বৃদ্ধি কিংবা কৃত্রিম সংকট তৈরী করতে না পারে সে জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও অফিসার ইনচার্জ,কানাইঘাট থানাকে তৎপর থাকার জন্য অনুরোধ জানান।<br>সভায় ফল,মাছ এবং শাক-সবজিতে ফরমালিনসহ রাসায়নিক দ্রব্য প্রয়োগ করা হচ্ছে কি না এবং ইফতারিতে কেহ পঁচা/বাসি খাবার বিক্রি করছে কি না সে দিকে খেয়াল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | অস্বাভাবিক দাম বৃদ্ধি কিংবা কৃত্রিম সংকট তৈরী করে দ্রব্যমূল্যের দাম বৃদ্ধি এবং ইফতারিতে পঁচা/বাসি খাবার বিক্রয় বন্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বিগত ১৬-১৭ ফেব্রুয়ারি ২০২৫ উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা সুষ্ঠ ও সুন্দরভাবে সমাপ্ত হয়েছে।<br>২৪-০২-২০২৫ তারিখ ২০২৫ শিক্ষাবর্ষের প্রাথমিক বিদ্যালয়ের অবশিষ্ঠ সকল বই উপজেলা পর্যায়ে আসছে এবং ২৫-০২-২০২৫ তারিখে অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে বিতরণ করা হয়েছে।<br>অত্র উপজেলার ০৩ নং দিঘীরপাড় ইউনিয়নের অর্ন্তগত একটি বিদ্যালয় কুওড়ের মাটি সরকারি | কুওড়ের মাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণি কক্ষের সামনে থেকে দ্রুত মাটি সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে উপ-সহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড সিলেট-কে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ উপ-সহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়টি সুরমা নদীর তীর ঘেষে অবস্থিত। সম্প্রতি সুরমা ডাইকের কাজ চলছে। সুরমা ডাইকে বিদ্যালয়ের সম্মুখের অংশে মাটি ফেলা হয়েছে। মাটি বিদ্যালয়ের বারান্দা পর্যন্ত এসেছে। বিদ্যালয়ের শ্রেণিকক্ষে প্রবেশে সমস্যা হচ্ছে। বৃষ্টি শুরু হলে মাটি শ্রেণি ও অফিস কক্ষে প্রবেশ করবে। দ্রুত মাটিগুলো সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | | |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ইতিমধ্যে মাধ্যমিক পর্যায়ে সকল শ্রেণির বিনামূল্যে বিতরণযোগ্য বই পাওয়া গেছে উক্ত বইগুলো উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বিতরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করেন। | মাধ্যমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পিআইসি প্রকল্পগুলোর কাজ ৩০% সম্পন্ন হয়েছে বাকী কাজগুলো দ্রুত শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদেরকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান ০৮ নং ঝিংগাবাড়ী ইউনিয়ন পরিষদ জানান, ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় দরপত্র আহবানের মাধ্যমে যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ পেয়েছে সেই সকল ঠিকাদারী প্রতিষ্ঠানগুলো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের সাথে যোগাযোগ করে কাজ শুরু করার জন্য সভায় অবহিত করেন।<br>তিনি আরোও জানান, গাছবাড়ী হরিপুর রাস্তায় বড় বড় ট্রাক ওভারলোড করে মালামাল পরিবহন করায় রাস্তা ভেঙে যাচ্ছে। রাস্তায় লোড মাপিয়ে একটি সাইনবোর্ড টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন। | ক) ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পিআইসি প্রকল্পের কাজগুলো দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ প্রাপ্তি সাপেক্ষে সে সকল ঠিকাদারী প্রতিষ্ঠানগুলো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের সাথে যোগাযোগ করে কাজ শুরু করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) গাছবাড়ী হরিপুর রাস্তার লোড মাপিয়ে গাড়ি চলাচলের জন্য সাইনবোর্ড টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী /সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, বর্তমানে মৌসুমে অত্র উপজেলায় মোট ৬৩২৪ হেক্টর জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে বলে সভাকে অবহিত করেন।<br>তিনি আরোও জানান, অত্র উপজেলায় পর্যাপ্ত পরিমাণে সার ও বীজ মজুদ রয়েছে। | কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে শুষ্ক মৌসুমে বিল/জলাশয়ের পানি সম্পূর্ণ সেচে মাছ ধরার প্রবণতা বৃদ্ধি পাওয়া সম্ভবনা। দেশীয় প্রজাতি মাছের বংশ রক্ষার্থে মৎস্য সংরক্ষণ আইনে বিল/জলাশয়ের পানি সম্পূর্ণ সেচে মাছ ধরা নিষিদ্ধ। এ বিষয়ে অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন। | যাতে করে শুষ্ক মৌসুমে বিল/জলাশয়ের পানি সম্পূর্ণ সেচ না করে শুকিয়ে মাছ ধরা বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, সমতল ভূমিতে বসবাসের অণগ্রসর ক্ষুদ্র -নৃ-গাষ্ঠী প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ২৩-০২-২০২৫ ইং তারিখে ০৩(তিন)জন ব্যক্তিকে ০৩(তিন)টি গরু এবং ১৬(ষোল) জন ব্যক্তিকে ২০(বিশ) টি করে মুরগী প্রদান করা হয়েছে। | প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা উপজেলা সমাজ সেবা বিভাগের কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | সমাজ সেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,অত্র উপজেলায় টিআর,কাবিটা ও কাবিখা প্রকল্পের কমিটি দ্রুত জমা দেওয়ার জন্য সভায় অনুরোধ জানান।<br>তিনি আরোও জানান, অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে ১২(বার) ব্রীজের কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে ১২(বার) ব্রীজ কাজের গুণগতমান তদারকি করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান,২০২৫-২০২৬ ভিজিডি চক্রের মার্চ-২০২৫ মাসের মধ্যে আবেদন হওয়ার কথা রয়েছে। সার্ভার খুলে দিলে তাৎক্ষণিকভাবে অবহিত করা হবে।<br>মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতার কার্যক্রম চলামান রয়েছে।<br>তিনি আরোও জানান, অত্র উপজেলায় ০৯(নয়)টি ইউনিয়ন ও ০১(এক)টি পৌরসভা সহ মোট ১০(দশ)টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে এবং ক্লাবের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলার ০৯(নয়)টি ইউনিয়ন ও ০১(এক)টি পৌরসভা সহ মোট ১০(দশ)টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম তদারকী করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়নকর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় আনসার ভিডিপি বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান, অত্র উপজেলার সকল সরকারী - বেসরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>তিনি আরোও জানান, অত্র মমতাজগঞ্জ এলাকায় ০১(এক)টি ১০ কেবি ও গাছবাড়ী এলাকায় আরোও ০১(এক)টি ২৫ কেবি ট্রান্সফরমার চুরি হয়েছে। অত্র উপজেলার সকল এলাকায় ট্রান্সফমার চুরি রোধে সংশ্লিষ্ট | ক) সকল সরকারী - বেসরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলার সকল এলাকায় ট্রান্সফমার চুরি রোধে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও আইন-শৃঙ্খলা বাহিনীর সর্বাত্মক | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও আইন-শৃঙ্খলা বাহিনীর সর্বাত্মক সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান। | সহযোগিতা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান, চলতি মাসে ০৬(ছয়) টি উঠান বৈঠকের মাধ্যমে ৩০০ জন গ্রামীণ মহিলাদের স্বাস্থ্যসেবা দেওয়া হয়। বাল্য বিবাহ,ইভটিজিং,ধর্ষণ সম্পর্কে সচেতনতা মূলক আলোচনা করা হয় এবং ডায়বেটিজ,প্রেশার ,ওজন ও উচ্চতা মাপা এ ধরণের সেবা দেওয়া হয়ে থাকে। | অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নে উঠান বৈঠক,ডোর টু ডোর ও তথ্যকেন্দ্র সেবার মাধ্যমে ৪০০ জন গ্রামীণ নারীদের বাল্য বিবাহ, ইভটিজিং,ধর্ষণ সম্পর্কে সচেতনতা মূলক আলোচনায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান,উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় যুবউন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, বিগত ২২ ফেব্রুয়ারি-২০২৫ ইং তারিখে লোভাছড়া নদীতে নিহালপুর গ্রামে কিছু লোক ০১(এক)টি সম্বর হরিণ ধৃত করেন। আমরা জানার পর তাৎক্ষনিকভাবে মুলাগুল ক্যাম্পের ফরেস্ট স্ট্যাফগণ উপস্থিত হয়ে হরিণটি উদ্ধারে তৎপর হয়। আমি বিট কর্মকর্তা ও উপজেলা প্রাণি সম্পদ অফিসের চিকিৎসক সহ ঘটনাস্থলে উপস্থিত হয়ে ধৃত হরিণকে প্রাথমিক চিকিৎসা প্রদান করে লোভাছড়া মৌজার গভীর জঙ্গলে হরিণটি অবমুক্ত করা হয় এবং বিলুপ্ত প্রজাতি ০১(এক)টি হরিণের প্রাণ রক্ষা পেল।<br><br>সভাপতি জানান, অত্র উপজেলার সকল রাস্তা নির্মাণ করার পর রাস্তার পাশে সামাজিক বনায়ন করতে হবে এবং যে গাছগুলো ক্ষতিকর না সে গাছগুলো রোপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অবহিত করেন। | অত্র উপজেলার সকল রাস্তা নির্মাণ করার পর সামাজিক বনায়নের জন্য রাস্তার পাশে গাছের চারা রোপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাধীন FREAP প্রকল্পের আওতায় ১২৫(একশত পঁচিশ)টি গভীর নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। মানব সম্পদ উন্নয়ন গ্রামীন পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৯(নয়)টি ইউনিয়নে টুইনপিট ল্যাট্রিনের কাজ শুরু হয়েছে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরোও জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দ বাস্তবায়নের লক্ষে ০৯(নয়) টি ইউনিয়নে ০৯(নয়) টি উপকমিটি করা হয়েছে এবং উপকমিটির কাজ তদন্তাধীন অবস্থায় রয়েছে। অতিশীঘ্রই সুপারিশ প্রেরণ করার জন্য সভায় অনুরোধ জানান। | মানব সম্পদ উন্নয়ন গ্রামীন পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৯(নয়)টি ইউনিয়নে টুইনপিট ল্যাট্রিনের কাজ শুরু হয়েছে উক্ত কাজ তদারকি ও সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণদেরকে অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/ সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট পৌরসভার ভিতরে ০২(দুই) টি ডিলার পয়েন্ট থেকে প্রতিদিন ১.৫ টন করে মোট ৩ মে.টন চাল প্রতি কেজি ৩০(ত্রিশ) টাকা করে বিক্রয় করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, পল্লীসঞ্চয় ব্যাংক কর্তৃক মাসিক ঋন আদায়ের লক্ষ্যমাত্রা ৮০ লক্ষ টাকা, মাসিক আদায় হয়েছে ৫৫ লক্ষ চল্লিশ হাজার টাকা, মোট আদায় হয়েছে ১.৬৫ লক্ষ টাকা। চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা ৪ কোটি ৩৫ লক্ষ টাকা। মোট ঋন খেলাপী ৪ কোটি ৩৫ লক্ষ টাকা। খেলাপী ঋন আদায়ের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | পল্লী সঞ্চয় ব্যাংকের খেলাপী ঋণ আদায় করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স গত ০১-০২-২০২৫ তারিখ পর্যন্ত ০৩( তিন) টি অগ্নিকান্ডে অংশগ্রহন করে অগ্নি নির্বাপন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন।<br>সভাপতি জানান, সামনে আসন্ন রমজান মাস উপলক্ষে অত্র উপজেলার সকল ছোট-বড় বাজারের হোটেলের বাহিরে রমজানের ইফতারী সামগ্রী তৈরী করে থাকে। হোটেলের বাহিরের চুলা থেকে অগ্নিকান্ডে দূর্ঘটনা হতে পারে। | আসন্ন রমজান মাস উপলক্ষে অত্র উপজেলার সকল ছোট-বড় বাজারের হোটেলের বাহিরের চুলায় রমজানের ইফতারী সামগ্রী তৈরীতে অগ্নিকান্ডে কোন দুর্ঘটনা না ঘটে সে জন্যই প্রতিদিন বাজারগুলোতে মহড়া দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড সিলেট সভায় উপস্থিত না থাকার কারনে পানি উন্নয়ন বোর্ড এর কোন অগ্রগতি জানা যায়নি। | উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড সিলেটকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | পানি উন্নয়ন বোর্ড সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট, সিলেট সভায় উপস্থিত না থাকার কারনে ইসলামী ফাউন্ডেশন এর কোন অগ্রগতি জানা যায়নি। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট, সিলেটকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট, সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল সেভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরন করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পুরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৫০ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা টি এবং ০২ টি মামলা অনিষ্পত্তি ৪৮ টি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানগণদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |



CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৯ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে(ক) উপজেলা পরিষদের প্রশাসক মহোদয়ের সম্মানী;(খ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ;(গ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০২/২৫

তানিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.২২ (৩৫) — তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ / ২৬ ফেব্রুয়ারি ২০২৫

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান ---------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব ---------------------------------------- কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

২৬/০২/২৫

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মো : আবু তাহের | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিন বানীগ্রাম ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আবু বক্কর | চেয়ারম্যান,০৮ নং ঝিঙ্গাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট,সি | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব ডা: সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব বিশ্বজিৎ রায় | উপজেলা কৃষি কর্মকর্তার, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: সফিকুল ইসলাম ভূঁইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মো: সামিউল ইসলাম | প্রতিনিধি উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: আবু সাইম | প্রতিনিধি অফিসার ইনচার্জ, কানাইঘাট থানার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মো: মাহমুদুল হাসান | প্রতিনিধি উপজেলা শিক্ষা কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব সাখাওয়াৎ হোসেন | প্রতিনিধি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব তাপস চক্রবর্তী | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মো: আলী আক্তার চৌধুরী | উপজেলা বিআরডিবি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোহাম্মদ রিপন হোসেন | উপজেলা নির্বাচন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোঃ কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব উজ্জ্বল ভট্টাচার্য্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব প্রকৌশলী মাসুদুর রহমান | উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো: হিরণ মিয়া | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মো: আব্দুল কাদির | উপজেলা স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব ফাহমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মো: ফারুক আহমদ | উপজেলা ইউডিএফ(জাইকা),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-খ

| ক্রমিক নং | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট |
| ০৭ | উপজেলা ফিল্ড সুপারভাইজার,ইসলামী ফাউন্ডেশন |

CamScanner